

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল (অনলাইন) সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলো ন্যাশনাল মজলিসে আমেলা (কার্যনির্বাহী) জার্মানী



সর্বদা স্মরণ রাখবেন যে, আহমদীয়া মুসলিম জামা'তের সকল সাফল্য ও উন্নতি খোদা তা'লার আশীষ ও অনুগ্রহেরই ফল - হযরত মির্যা মসরুর আহমদ (আই.)

১৮ অক্টোবর ২০২০ আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর ন্যাশনাল মজলিসে আমেলা (কার্যনির্বাহী)-র সাথে এক ভার্চুয়াল (অনলাইন) সভায় মিলিত হন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)।



হুযূর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভার সভাপতিত্ব করেন, আর ন্যাশনাল আমেলার সদস্যগণ আহমদীয়া মুসলিম জামা'ত জার্মানীর জাতীয় সদর দপ্তর ফ্রাঙ্কফোর্টের বায়তুস সুবুহ মসজিদ থেকে অংশগ্রহণ করেন।

পঁচাত্তর মিনিটের এ সভায় ন্যাশনাল আমেলার সদস্যগণ নিজ নিজ বিভাগীয় কর্মকাণ্ড সম্পর্কে রিপোর্ট উপস্থাপন ও বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিকনির্দেশনা লাভের সুযোগ পান।

ন্যাশনাল সেক্রেটারি তালিম (শিক্ষা বিষয়ক)-কে সম্বোধন কালে, হুযূর আকদাস নির্দেশনা প্রদান করেন তালিম বিভাগ যেন আহমদী ছাত্র-ছাত্রীদেরকে তাদের জাগতিক পড়াশোনার সকল পর্যায়ে তাদেরকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে।



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“জার্মানীর সকল আহমদী ছাত্র-ছাত্রীর শিক্ষাগত চাহিদার বিষয়ে তালিম বিভাগের মনোযোগী থাকা উচিত। তাদের সাথে একটি ব্যক্তিগত সম্পর্ক বজায় রাখুন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করুন, যেন তারা জানেন যে, আপনারা সর্বদা তাদের পাশে দাঁড়ানোর জন্য প্রস্তুত আছেন এবং আন্তরিকভাবে তাদের কল্যাণ কামনা করেন। জার্মানীতে এমন কিছু শিশু রয়েছে যাদের পিতা-মাতা খুব একটা শিক্ষিত নন। আর তাই যদি আপনারা তাদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া ও শিক্ষা লাভের বিষয়ে আন্তরিক আগ্রহ প্রকাশ করেন, তবে এটি তাদেরকে অনুপ্রাণিত করবে। এর পাশাপাশি, এটি তাদেরকে পড়ালেখায় সফল হওয়ার জন্য কঠোর পরিশ্রম করতে উৎসাহিত করবে, আর তাদের পিতা-মাতার জন্যও পথনির্দেশক হবে।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরো বলেন:

“এছাড়াও, এমন আরও পিতা-মাতা রয়েছেন যারা নিজেদের কাজ এবং পেশাগত ক্যারিয়ারে নিমগ্ন আছেন, আর তাই তারা তাদের সন্তানদের লেখাপড়ার বিষয়টির প্রতি অবহেলা করছেন। এমতাবস্থায় আহমদী ছেলে-মেয়েরা তাদের পড়াশোনায় যতই অগ্রসর হতে থাকবেন, তালিম বিভাগকেও তাদের সকলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে অত্যন্ত পরিশ্রমের সাথে কাজ করে যেতে হবে। আপনাদের দায়িত্ব তাদেরকে পথ দেখানো এবং সুপরামর্শ দেয়া। আর সর্বদা স্মরণ রাখবেন যে, একটিও আহমদী যুবক বা যুবতীর সম্ভাবনা ও মেধা নষ্ট হোক, তা আমরা চাই না।”



হুযূর আকদাস আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যদের নৈতিক প্রশিক্ষণের দায়িত্বে নিয়োজিত জার্মানীর তরবিয়ত বিভাগের কর্মপরিধি বৃদ্ধির প্রয়োজনীয়তার বিষয়ে কথা বলেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“জার্মানীতে এমন কতজন আহমদী রয়েছেন যারা আপনাদের প্রয়াসের ফলে এখন নিয়মিত তাহাজ্জুদ নামাযে অভ্যস্ত? আপনাদের চেষ্টার ফলে কতজন এখন তাদের দৈনিক পাঁচ বেলার নামায বাজামাত আদায় করছেন? এমন আর কতজন রয়েছেন, যারা এখন দৈনিক পবিত্র কুরআন তেলাওয়াত করছেন এবং এর গভীর অর্থসমূহের উপর মনোনিবেশ করছেন? স্মরণ রাখবেন যে, আহমদীয়া মুসলিম জামা'ত যত বৃদ্ধি লাভ করতে থাকবে, আর হযরত মসীহ মওউদ (আই.)-এর নবুয়তের যুগের সাথে আমাদের দূরত্ব যত বৃদ্ধি পেতে থাকবে, বিশেষ করে, আজকাল যখন (কোভিড-১৯ জনিত বিধি নিষেধের কারণে) যুগ-খলীফার সাথে আহমদীদের প্রত্যক্ষ যোগাযোগ কমে গেছে, তখন এটি আবশ্যকীয় যে, আহমদীয়া মুসলিম জামা'তের ব্যবস্থাপনায় যারা সেবারত, তারা যেন আমাদের সদস্যদের নৈতিক প্রশিক্ষণ নিশ্চিত করতে আরো পরিশ্রম করে উন্নততর অনুষ্ঠানাদি ও কর্ম পরিকল্পনা হাতে নেন।”



নিজেদের দায়িত্ব পালনে আমেলার সদস্যদের কিভাবে প্রয়াসী হওয়া উচিত এ প্রসঙ্গে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“কোন কাজে অগ্রগতি ও সাফল্য এ দাবি করে যে, সেই ব্যক্তি যেন সর্বদা আত্মবিপ্লবে রত থাকেন। আহমদীয়া মুসলিম জামা'তের ব্যবস্থাপনার অধীনে যিনি নিজ দায়িত্বকে প্রকৃত অর্থেই পূর্ণ করতে চান, তার উচিত তার কাজের জন্য সর্বদা নতুন রাস্তাসমূহ ও উৎকৃষ্টতর পদ্ধতির অনুসন্ধান করা। ঐ সকল ব্যক্তিই সফলকাম হয়ে থাকেন যারা নিজেদের দুর্বলতার উপর সততার সাথে মনোনিবেশ করেন এবং নিষ্ঠার সাথে সেগুলোর সংশোধনের জন্য প্রয়াসী হন।”

সকল সময়ে বিনয় অবলম্বনের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:  
“কখনো ভাববেন না যে, আহমদীয়া মুসলিম জামা’তের কোনো সাফল্য বা অগ্রগতি আপনার একক প্রচেষ্টার ফল বা আপনার ব্যক্তিগত সাফল্য। বরং, সর্বদা একে কেবলমাত্র আল্লাহ্ তা’লার আশীষ ও অনুগ্রহের ফল বলে গণ্য করবেন, এবং আপনার আচরণে বিনয়ের উন্নততর স্তরে উপনীত হবেন।”